যুগান্তর

তারিখ ... 13 MAR 2015 ...
পৃষ্ঠা ...২... কলাম ...২...

১১তম গ্রাজুয়েশনে শিক্ষামন্ত্রী

কারিগরি শিক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এমআইএসটি

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এমআইএসটি (মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি) ছাত্রছাত্রীদের কারিগরি শিক্ষায় শিক্ষিত করার মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন এবং দেশগঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মাত্র এক যুগের প্রচেষ্টায় এমআইএসটি কারিগরি শিক্ষার ক্ষেত্রে শীর্ষস্থানে জায়গা করে নিতে সক্ষম হয়েছে। মঙ্গলবার মিরপুর সেনানিবাসের মিরপুর হলে মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) ১১তম গ্রাজুয়েশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। এমআইএসটির কমান্ড্যান্ট মেজর জেনারেল আবুল হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। শিক্ষামন্ত্রী সর্বোচ্চ কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য শিশু বিভাগের মেজর মো: হাফিজ-আল-আসাদকে 'ওসমানী মেমোরিয়াল গোল্ড মেডেল' প্রদান করেন। এমআইএসটির শিশু বিভাগের মেজর মো: হাফিজ-আল-আসাদ, বিএসই বিভাগের নাজিফা আক্তার খান, ইইসিই বিভাগের মো: ইয়াসির হাসনাত, এসই বিভাগের ফারিহা মোহতাসী এবং একই বিভাগের ক্যাপ্টেন মোহাম্মদ তৌফিকুল ইসলাম শাহজাদাকে কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য 'এমআইএসটি মেডেল' প্রদান করা হয়। অনুষ্ঠানে সেনাবাহিনী প্রধান জেনারেল ইকবাল করিম ভূঁইয়া, নৌবাহিনী প্রধান ভাইস অ্যাডমিরাল এম ফরিদ হাবিব, বিমানবাহিনী প্রধান এয়ার মার্শাল মোহাম্মদ ইনামুল বারী, স্থানীয় সংসদ সদস্য, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের ভিসি, শিক্ষাবিদ, উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তা ও সদ্য পাসকৃত গ্রাজুয়েট এবং তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।